# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৫৪

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মক্কা শরীফে প্রবেশের জন্য গোসল করা।

باب مَا جَاءَ فِي الاِغْتِسَالِ لِدُخُولِ مَكَّةَ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا هَارُونُ بْنُ صَالِحٍ الطَّلْحِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ اغْتَسَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم لِدُخُولِهِ مَكَّةَ بِفَخٍّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ . وَالصَّحِيحُ مَا رَوَى نَافِعٌ عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَغْتَسِلُ لِدُخُولِ مَكَّةَ . وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ يُسْتَحَبُّ الاِغْتِسَالُ لِدُخُولِ مَكَّةَ . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ضَعِيفٌ فِي الْحَدِيثِ ضَعَّفَهُ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ وَعَلِيُّ بْنُ الْمَدِينِيِّ وَغَيْرُهُمَا وَلاَ نَعْرِفُ هَذَا الْحَدِيثَ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِهِ .

বাংলা

৮৫৪. ইয়াহইয়া ইবনু মূসা (রহঃ) ..... ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা শরীফে প্রবেশের উদ্দেশ্যে ফাখ’ নামক স্থানে গোসল করেছিলেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৫২ [আল মাদানী প্রকাশনী] (ফাখ শব্দ উল্লেখ না করে বুখারি ও মুসলিম হাদিসটি বর্ণনা করেছেন। সহিহ আবু দাউদ ১২২৯)

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি মাহফুয বা সংরক্ষিত নয়। মক্কা মুকাররামায় প্রবেশের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গোসল করেছিলেন মর্মে বর্ণিত ইবনু উমার (রাঃ) থেকে নাফি’ এর রিওয়ায়াতটি অধিকতর সহীহ। ইমাম শাফেঈ (রহঃ) এর একই অভিমত। তিনি মক্কা প্রবেশের জন্য গোসল করা মুস্তাহাব বলে মত ব্যক্ত করেছেন। রাবী আব্দুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম হাদীসের ক্ষেত্রে যঈফ। আহমাদ ইবনু হাম্বল, আলী-ইবনু মাদ্বীনী (রহঃ) প্রমূখ হাদীস বিশেষজ্ঞ তাকে যঈফ বলে মত ব্যক্ত করেছে। তার বরাত ছাড়া অন্য কোন বরাতে এই হাদীসটি মারফু রূপে বর্ণিত হয়েছে বলে আমাদের জানা নেই।

## English

Ibn Umar narrated:

"The Prophet performed Ghusl for entered Makkah at Fakhkh."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন